



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখ : ০৭/১২/২০১৯ খ্রি:

## বরিশাল মুক্তদিবসে ববি উপাচার্যের বিবৃতি

আগামীকাল ৮ ডিসেম্বর বরিশাল মুক্তদিবস। দিবসটি উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন এক বিবৃতি দিয়েছেন। বিবৃতিতে উপাচার্য মহোদয় বলেন, যে সকল বীর মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের বিনিময়ে বরিশাল অঞ্চল পাক হানাদার বাহিনীর হাত থেকে মুক্ত হয়েছিল তাঁদের প্রতি আমার গভীর শ্রদ্ধাঞ্জলি। বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার তাঁদের এ আত্মত্যাগকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করে। আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে, যাঁর আহবানে সাড়া দিয়ে বাঙালি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এ দেশকে স্বাধীন করেছিল। মুক্তিযুদ্ধের সেই চেতনাকে বুকে ধারণ করে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আমরা সবাই ঐক্যবদ্ধ ভাবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাজ করবো এ হোক বরিশাল মুক্তদিবসের অঙ্গীকার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস